



শাহবাগে প্রাথমিক শিক্ষকদের আন্দোলনে পুলিশের লাঠিচার্জ ও জলকামান



সংগৃহীত ছবি

শাহবাগ ও টিএসসির মধ্যবর্তী সড়কে আজ বিকেল প্রাথমিক শিক্ষকদের ওপর পুলিশ লাঠিচার্জ এবং জলকামান ব্যবহার করে। আন্দোলনরত শিক্ষকরা দশম গ্রেডে বেতন নির্ধারণ, ১০ ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেডের সমস্যা সমাধান এবং শতভাগ বিভাগীয় পদোন্নতি বাস্তবায়নের দাবিতে শহীদ মিনার থেকে শাহবাগের দিকে যাচ্ছিলেন। পুলিশের পদক্ষেপে অন্তত ১০ শিক্ষক আহত হন। আহতদের রিকশা বা কাঁধে তুলে দ্রুত হাসপাতালে নেওয়া হয়।

শিক্ষকরা জানান, তারা শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করছিলেন। একজন শিক্ষক বলেন, “আমাদের গায়ে হাত তোলা হয়েছে, লাঠিচার্জ হয়েছে, কাপড় ছিঁড়ে গেছে। আমরা সরকারের পুলিশের কাছ থেকে এমন আচরণ আশা করিনি।” আরেক শিক্ষক বলেন, “আমরা বামেলায় জড়াতে চাই না। কিন্তু আমাদের ওপর লাঠিচার্জ ও সাউন্ড গ্রেনেডের ব্যবহারে আমরা আহত হয়েছি। আমরা আমাদের দাবির পক্ষে রক্ত দিয়েছেন।”

ডিএমপি রমনা বিভাগের ডেপুটি কমিশনার মাসুদ আলম বলেন, “শহীদ মিনারে ফিরে যেতে চাওয়া একটি পক্ষকে আমরা অনুমতি দিয়েছিলাম। অন্য পক্ষ পুলিশের ব্যারিকেড ভেঙে শাহবাগের দিকে যাওয়ায় আমাদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হয়েছে।”

'প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদ'-এর ব্যানারে চারটি সংগঠন এই আন্দোলন পরিচালনা করছে। এতে অংশ নেওয়া সংগঠনগুলো হলো—বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (কাশেম-শাহিন), বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতি, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (শাহিন-লিপি) এবং সহকারী শিক্ষক দশম গ্রেড বাস্তবায়ন পরিষদ। শিক্ষকেরা জানিয়েছেন, দাবিগুলো বাস্তবায়ন না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন।